অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/17/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মারাত্মক টর্নেডোর উত্তরকালে কেন্টাকি কমনওয়েলথের অনুরোধের কারণে নিউ ইয়র্ক স্টেট ঘটনা ব্যবস্থাপনা দল নিযুক্ত করার ঘোষণা দিলেন

নিউ ইয়র্ক স্টেটের আন্তঃএজেন্সি জরুরি ব্যবস্থাপনা দল এই সপ্তাহান্তে কেন্টাকিতে নিযুক্ত হবে, তাদের কাজ হবে তিনটি কাউন্টির সক্রিয় জরুরি কর্মকাণ্ড কেন্দ্রকে সমর্থন প্রদান

দলটি শনিবার, 18 ডিসেম্বর, দুই সপ্তাহের প্রয়োগসংক্রান্ত কাজের সময়কালের জন্য নিযুক্ত হতে যাচ্ছে

গভর্নর হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট গত সপ্তাহের মারাত্মক ঝড়ের উত্তরকালে কেন্টাকিতে চলমান পুনরুদ্ধার কর্মকাণ্ডের সমর্থনে একটি স্টেটের ঘটনা ব্যবস্থাপনা দল (Incident Management Team, IMT) নিযুক্ত করা হবে। স্টেটের IMT নকশা করা হয়েছে জটিল, বহু-ক্রিয়ার দুর্যোগে সাড়াদানের ক্ষেত্রে জরুরি ব্যবস্থাপকদের দ্রুত, কার্যকর ও গোছানো প্রতিক্রিয়া প্রদান নিশ্চিত করতে সহায়তা করার জন্য। তারা ঘটনা কমান্ড ব্যবস্থায় (Incident Command System) ব্যাপক প্রশিক্ষণ ও অভিজ্ঞতা যোগ করে, যার মধ্যে রয়েছে কমান্ড ও নিয়ন্ত্রণ, পরিকল্পনা, লজিস্টিক এবং প্রশাসনিক ক্রিয়াকলাপ। কেন্টাকির অনুরোধে, দলটি স্টেটের তিনটি কাউন্টি জরুরি কর্মকাণ্ড কেন্দ্রকে, নির্দিষ্ট করে বললে গ্রেভস, হপকিন্স ও মার্শাল কাউন্টিকে সমর্থনের জন্য নিযুক্ত করা হচ্ছে।

"দুর্যোগের এলাকা বা আকার যাই হোক না কেনো, নিউ ইয়র্কবাসীরা সবসময় প্রয়োজনের সময় আমাদের বন্ধু ও প্রতিবেশীদের সাহায্য করার জন্য প্রস্তুত থাকবে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের বিশ্বমানের ঘটনা ব্যবস্থাপনা বিশেষজ্ঞদের সবধরনের অভিজ্ঞতা আছে এবং তারা কেন্টাকিতে আমাদের অংশীদারদের সম্ভাব্য সকল উপায়ে সমর্থন করার জন্য প্রস্তুত আছেন। আমি এই দলটির প্রত্যেক সদস্যকে নিয়ে অত্যন্ত গর্বিত এবং কঠিনতম সময়ে সম্প্রদায়সমূহকে পুনরুদ্ধারে সাহায্য করতে সদা উপস্থিত থাকার জন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেট IMT গঠিত হয়েছে ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমারজেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES), স্টেট পুলিশ (State Police, NYSP), ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT), ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental

Conservation, DEC), অফিস অফ ইনফরমেশন টেকনোলজি সার্ভিসেস (Office of Information Technology Services, ITS), থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)এবং পার্ক পুলিশের (Park Police) সদস্যদের নিয়ে। একাধিক স্থানীয় এজেন্সিও দলে কর্মী প্রদান করে, যার মধ্যে আছে ইরি কাউন্টি শেরিফের অফিস (Erie County Sheriff's Office) এবং মন্টগোমারি কাউন্টি জরুরি ব্যবস্থাপনা (Montgomery County Emergency Management)।

IMT-র কাজ হবে স্টেট ও স্থানীয় কর্মকর্তাদের প্রারম্ভিক পুনরুদ্ধার পরিকল্পনা, পরিচালনার সমন্বয়ে সাহায্য করা; পরিস্থিতির তথ্য জোগাড় করা এবং প্রতিবেদন করা; ঘটনায় করণীয় পরিকল্পনা করা; জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম (Geographic Information System, GIS) ম্যাপিং; এবং চলমান সাড়াদান কর্মকাণ্ডে লজিস্টিক সমর্থন প্রদান করা।

DHSES-র ভারপ্রাপ্ত কমিশনার জ্যাকি ব্রে বলেন, "স্টেটের ঘটনা ব্যবস্থাপনা দলটি কেন্টাকিতে নিউ ইয়র্কের জরুরি কর্মকর্তাদের মধ্যে সেরাদের প্রতিনিধিত্ব করবে এবং আমি অন্যদের সাহায্য করার জন্য তাদের নিঃস্বার্থ নিবেদনের জন্য, বিশেষ করে যেহেতু তারা ছুটির মৌসুমকে নিজ পরিবার থেকে দূরে থাকবে, তাদের প্রতি কৃতজ্ঞ। কেন্টাকির মানুষের জন্য আমার হৃদয় ভারাক্রান্ত এবং আমি আশা করছি যে এই অতিরিক্ত সমর্থন ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলিকে এই দুর্যোগ সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেটের ঘটনা ব্যবস্থাপনা দল, যা গঠিত হয়েছে কমান্ড কর্মকর্তা এবং তাদের সাথে পরিকল্পনা, পরিচালনা, ও আর্থিক অংশ নিয়ে, যাত্রা শুরু করবে শনিবার, 18 ডিসেম্বরে এবং রবিবার, 19 ডিসেম্বর থেকে পূর্ণকালীন দায়িত্বপালন শুরু করবে। তারা 14 দিন কার্যকর থেকে রবিবার, 2 জানুয়ারি বাড়ি ফিরে যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418